

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিল্প মন্ত্রণালয়
বাংলাদেশ ইম্পাত ও প্রকৌশল করপোরেশন
পরিকল্পনা ও উন্নয়ন বিভাগ
বিএসইসি ভবন, ১০২, কাজী নজরুল ইসলাম এভিনিউ কাওরান
বাজার, ঢাকা - ১২১৫



নম্বর ৩৬.৯৩.০০০০.০২৪.১৪.০০২.১৮.২৪

তারিখ: ২১ মাঘ ১৪২৭

০৪ ফেব্রুয়ারি ২০২১

বিজ্ঞপ্তি/নোটিশ

Zentech Engineering Co., Ltd, Zentech Tower, 159 Yeoksam-Ro, Gangnam-Gu, Seoul, Korea এবং TURBO MACHINERY SERVICES BANGLADESH, 431/1, Tejgaon Ind. Area, Dhaka-1208, Bangladesh- কে ২ (দুই) বছরের জন্য বাংলাদেশ ইম্পাত ও প্রকৌশল করপোরেশন (বিএসইসি) এবং অন্য সকল ক্রয়কারীর ক্রয় কার্যক্রমে, উক্ত ক্রয় সরকারি তহবিল দ্বারা করা হয়ে থাকলে, অংশগ্রহণের অযোগ্য ঘোষণা করা হলো।

২.০ “Feasibility Study of Environment Friendly Ship Re-cycling Industry at Taltali Upazila in Barguna district” শীর্ষক প্রকল্পে Zentech Engineering Co.Ltdকর্তৃক TURBO MACHINERY SERVICES BANGLADESH-কে স্থানীয় এজেন্ট নিয়োগ করা হয়। প্রযোজ্য দরপত্রের শর্ত ব্যত্যয় করে TURBO MACHINERY SERVICES BANGLADESH কর্তৃক ৪,৬২,২৫,০০০/- (চার কোটি বাষট্টি লক্ষ পচিশ হাজার মাত্র) টাকার ক্রয় চুক্তি স্বাক্ষর করা হয়। ক্রয় প্রক্রিয়ায় ও চুক্তি বাস্তবায়নকালে প্রযোজ্য বিধি-বিধান, প্রস্তাব দলিলের মৌলিক শর্ত ভঙ্গ করার কারণে চুক্তি বাতিল করা হলো।

৩.০ “Feasibility Study of Environment Friendly Ship Re-cycling Industry at Taltali Upazila in Barguna district” শীর্ষক প্রকল্পে Zentech Engineering Co., Ltd. সংক্ষিপ্ত তালিকাভুক্ত হওয়ার পর, প্রস্তাব দাখিলে Survey-2000-কে Sub-consultant নিয়োগ করা হয়। Insurance করা হয়নি বা দাখিল করা হয়নি। চুক্তি শর্ত লঙ্ঘন, কোন Invoice দাখিল না করে, যথাযথভাবে পরামর্শক সেবা প্রদান না করে, TURBO MACHINERY SERVICES BANGLADESH কর্তৃক ২,৭৭,৩৫,০০০/- (দুই কোটি সাতাত্তর হাজার পয়ত্রিশ হাজার মাত্র) টাকা সরকারি অর্থ গ্রহণ করা হয়। ব্যয়িত সমুদয় অর্থ জনাব মো: সাইদুর রহমান, প্রকল্প পরিচালক কর্তৃক অবিলম্বে আদায় করার জন্য নির্দেশ প্রদান করা হয়েছে।

৪.০ ব্যাখ্যা প্রদান, চুক্তি অনুসারে কাজ সম্পাদনে ২৮/৬/২০২০ তারিখ ক্রয়কারী প্রদত্ত নোটিশের পরিপ্রেক্ষিতে ০৩/৭/২০২০ তারিখ পরামর্শক প্রতিষ্ঠান ও এজেন্ট প্রদত্ত ব্যাখ্যায় Form 5A6: Team Composition & Task Assignments Hydrographic Surveyor পদে Mr. Atanu Bhar, Field Survey Specialist পদে Mr. Abu Reza এবং Data Analyst পদে Mr. Yogesh Kumar পদে জনবলসহ টিম কাজে নিযুক্ত করা হয়েছে প্রত্যয়নপূর্বক; Form 5A7: Staffing Schedule staff-month input for 'Home' পরিবর্তে Head Office করে Final Statement দাখিল করা হয়। Particular Machine উক্ত সময় Survey-2000 এর না থাকায়, অধিক অভিজ্ঞতাসম্পন্ন Land Survey Team দ্বারা কাজ করা হয়েছে, উল্লেখ করা হয়। যা মিথ্যা, প্রতারণামূলক, চুক্তির মৌলিক শর্ত ভঙ্গসহ পেশাগত অসদাচরণে জড়িত থাকার বিষয়টি প্রমাণিত হয়। প্রতারণা, জবরদস্তিমূলক কার্যে পরামর্শক প্রতিষ্ঠান জড়িত থাকা এবং ০৩/৭/২০২০ তারিখ প্রদত্ত ব্যাখ্যা অগ্রহণযোগ্য হয়-বিষয়টি উল্লেখপূর্বক চুক্তির শর্তানুসারে ডিসেম্বর, ২০২০ সময়ের মধ্যে যথাযথভাবে কাজ সম্পাদন করে গ্রহণযোগ্য চূড়ান্ত রিপোর্ট দাখিল করার জন্য ২৯/১০/২০২০ তারিখ পুনরায় Zentech Engineering Co., Ltd, Zentech Tower এবং TURBO MACHINERY SERVICES

BANGLADESH কে লিখিতভাবে নির্দেশ প্রদান করা হয়। পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক কোন আপত্তি উত্থাপন করা হয়নি। পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক ২৩/১২/২০২০ তারিখ দাখিলকৃত সার্ভে রিপোর্ট যাচাইয়ের জন্য IWM –এর নিকট প্রেরণ করা হয়। চুক্তির শর্তানুসারে সার্ভে কাজ করা হয়নি মর্মে IWM –এর বিশেষজ্ঞ মতামত ২০/১/২০২১ তারিখ প্রদান করা হয়। তদপ্রেক্ষিতে **fraudulent, coercive practice, misconduct** জড়িত থাকার বিষয়ে লিখিতভাবে ব্যাখ্যা প্রদানের জন্য, চুক্তির মৌলিক শর্ত ভঙ্গ করার কারণে কেন চুক্তি বাতিল করা হবে না-সে বিষয়ে ৭ (সাত) দিনের মধ্যে ব্যাখ্যা প্রদানের জন্য ২৬/১/২০২১ তারিখ **Zentech Engineering Co., Ltd, Zentech Tower** এবং **TURBO MACHINERY SERVICES BANGLADESH** কে লিখিতভাবে নির্দেশ প্রদান করা হয়। নির্ধারিত সময় অতিক্রান্ত হলেও, কোন ব্যাখ্যা প্রদান করা হয়নি।

৫.০ বর্ণিত **fraudulent, coercive practice, misconduct** জড়িত থাকার কারণেই **Zentech Engineering Co., Ltd, Zentech Tower, 159 Yeoksam-Ro, Gangnam-Gu, Seoul, Korea** এবং **TURBO MACHINERY SERVICES BANGLADESH, 431/1, Tejgaon Ind. Area, Dhaka-1208, Bangladesh-** কে সরকারি তহবিল দ্বারা সকল ক্রয় কার্যক্রমে এ বিজ্ঞপ্তি জারীর তারিখ হতে পরবর্তী ২(দুই) বছরের জন্য অংশগ্রহণে অযোগ্য ঘোষণা কার্যকর থাকবে।

৬.০ বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল কর্পোরেশনের চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে জারী করা হলো।

৪-২-২০২১

মোঃ শাখাওয়াত হোসেন

বিভাগীয় প্রধান (অতিরিক্ত দায়িত্ব)

ফোন: +৮৮০২৪৮১১০৩১৯

ফ্যাক্স: +৮৮০২৮৮৯৬৪২

ইমেইল: gm-pl-dev@bsec.gov.bd

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১) মহাপরিচালক, মহাপরিচালক (সিপিটিইউ), বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ

২) পরিচালক, বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল কর্পোরেশন

৩) ব্যবস্থাপনা পরিচালক (সকল)

৪) বিভাগীয় প্রধান(এমআইএস ও আইসিটি) (অতিরিক্ত দায়িত্ব), এমআইএস বিভাগ, বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল কর্পোরেশন

৫) Mr.Choi Byeong-Ryeol, Chief Executive Officer, Zentech Engineering Co. Ltd.

Zentech Tower, 159 Yeoksam-Re, Gangnam-Gu, Seoul, Korea

৬) Fazle Mahbub, Propiter, Turbo Machinery Services Bangladesh, 431/1,Tejgaon Ind. Area, Dhaka-1208, Bangladesh